In accordance with the provisions of the MCA circulars read with SEBI Circulars, Members can vote only through e-voting process. The voting rights of members shall be in proportion to their shares held in the paid-up equity share capital of the Company as on the cut-off date i.e. Friday, November 13, 2026. Any person who is not a shareholder of the Company as on the Cut-off date shall treat Postal Ballot Notice for information purpose only.

The Company has engaged the services of CDSL for the purpose of providing remote e-voting facility to all its members. The e-voting facility will be available during the following period:

Cut-off date for determining members eligible for remote e-voting	Friday, November 13, 2026
Commencement of e-voting period	Wednesday, November 18, 2026 from 9:00 A.M. (IST)
Conclusion of e-voting period	Thursday, December 17, 2026 till 5:00 P.M. (IST)

Thereafter, the remote e-voting module will be disabled, and voting shall not be allowed beyond the said date &time. Once the vote on a resolution is cast by a Member, the Member shall not be allowed to change its subsequently or cast the vote again.

Members who have not updated their e-mail address and have not obtained the copy of Postal Ballot Notice, are requested to register the same in respect of shares held by them in electronic form with Depositary through their Depository Participant. For shareholders holding shares in physical mode who have not registered or update their email addresses, please refer the instructions provided in Postal Ballot Notice for the same. Further, they may obtain a duplicate copy of the Postal Ballot Notice by sending an email to the Company at cs@abcotspin.in.

The Board of Directors of the Company have appointed Mr. Deepak Gupta (Membership No. F5339; COP No. 4629) Partner at DR Associate, Practicing Company Secretaries,as the Scrutinizer to conduct the Postal Ballot and remote e voting process in a fair and transparent manner.

The results of the postal ballot will be announced within two working days from the last day of e-voting, and the same will also be submitted to the Stock Exchanges (BSE and NSE) where the equity shares are presently listed. Also, the said results shall be displayed on the Company's website at www.abcotspin.co.inand on the website of the CDSL (being the e-voting service provider) atwww.evotingindia.com.

In case of any queries or issues regarding e-Voting from the CDSL e-Voting System, an email may be sent to helpdesk.evoting@cdslindia.com or contact at toll free no. 1800 21 09911

All grievances connected with the facility for voting by electronic means may be addressed to Mr. Rakesh Dalvi, AVP, CDSL, A Wing, 25th Floor, Marathon Futurex, Mafatlal Mill Compounds, N M Joshi Marg, Lower Parel (East), Mumbai-400013 or send an email to helpdesk.evoting@cdslindia.com or call at toll free no. 1800 21 09911

For ABC Industries India Limited
(Formerly known as A B Cotspin India Limited)
Sd/-
Nidhi
Company Secretary & Compliance Officer
ICSI Membership No.: A74591

Place : Punjab
Date : 17.11.2026

SBI
IT Project Management & Strategic Coordination Dept., State Bank of India, Global IT-Centre, Sec-11, CBD Belapur, Navi Mumbai-400 614
E-mail: dgmit.pmd@sbi.co.in; Website: https://sbi.bank.in

CORRIGENDUM NOTICE

RFP NO. SBI/GITC/IT-Project Management & Strategic Coordination/ 2026/2027/1506 DATED: 12.10.2026

Corrigendum with reference to the RFP has been published on **https://etender.sbi/SBI/** portal and in Procurement News at **https://sbi.bank.in**.

Last date and time for submission of bids: 26.11.2026 up to 16:00 hrs.

IT Project Management & Strategic Coordination Dept.

Keertana Finserv Limited
(formerly known as Keertana Finserv Private Limited) CIN: U65100WB1996PLC077252
Regd Office: Office No 919, 9th Floor, 4A, Regus Grandeur, Abanindra Nath Thakur Sarani, PS Arcadia Central (Camac Street) Park Street Kolkata, WB, 700016. Corp. Office: Plot No. 31 & 32, 2nd Floor, Ramky Selenium, Tower-A, Financial District, Nanakramguda, Hyderabad, Telangana-500032.
Website: www.keertanafin.in, E-mail ID: secretarial@keertana.co.in

EXTRACT OF UNAUDITED STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED SEPTEMBER 30, 2026

(INR in lakhs, unless otherwise stated)

S. No.	Particulars	Quarter Ended 30.09.2026 (Unaudited)	Quarter Ended 30.09.2025 (Unaudited)	Half Year Ended 30.09.2026 (Unaudited)	Year Ended 31.03.2026 (Audited)
1	Total revenue from Operations	26,336.24	15,641.14	51,783.33	70,708.82
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items)	6,253.01	615.98	13,274.27	10,124.36
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	6,253.01	615.98	13,274.27	10,124.36
4	Net Profit/ (Loss) for the period after tax (after Exceptional and/ or Extraordinary items)	4,154.92	681.50	9,396.16	7,703.14
5	Total Comprehensive Income for the period [Comprising Profit for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	4,161.78	681.23	9,398.53	7,722.37
6	Paid Up Equity Share Capital (Face Value of Rs.10/- each)	14,529.05	13,370.52	14,529.05	14,529.05
7	Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance sheet of previous year	-	-	-	71,796.30
8	Securities Premium Account	-	-	-	50,002.59
9	Net worth	1,17,435.98	65,843.14	1,17,435.98	86,325.35
10	Paid up Debt Capital/ Outstanding Debt	-	-	-	3,38,096.31
11	Outstanding Redeemable Preference Shares	-	-	-	-
12	Debt Equity Ratio	3.74	3.58	3.74	3.92
13	Earnings per Share (of Rs.10 each) (for continuing and discontinued operations)				
	(1) Basic (Rs.)	2.86	0.42	6.47	5.71
	(2) Diluted (Rs.)	2.82	0.42	6.38	5.71
14	Capital Redemption Reserve	Not applicable	Not applicable	Not applicable	Not applicable
15	Debenture Redemption Reserve	Not applicable	Not applicable	Not applicable	Not applicable
16	Debt Service Coverage Ratio	Not applicable	Not applicable	Not applicable	Not applicable
17	Interest Service Coverage Ratio	Not applicable	Not applicable	Not applicable	Not applicable

Notes:

1. In accordance with Regulation 52 of the SEBI (LODR) Regulations, 2015, the Company has published the un-audited financial results for the quarter ended Sep 30, 2026.These un-audited financial results were reviewed by the Audit Committee at their meeting held on November 14, 2026, and approved by the Board of Directors at its meeting held on the same day.
2. The above is an extract of the detailed format of financial results for the quarter ended Sep 30, 2026 submitted with Stock Exchange under Regulation 52 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the financial results is available on the websites of the Stock Exchange i.e **www.bseindia.com** and that of the company at **https://keertanafin.in/investors/Financial_Reports**
3. For the other line items referred in regulation 52(4) of the Listing Regulations, pertinent disclosures have been made to the BSE Limited and can be accessed on the **www.keertanafin.in**

Place: Kolkata **For Keertana Finserv Limited**
Date: 14-11-2026 **Sd/- Padmaja Gangireddy (MD), DIN: 00004842**

McNALLY BHARAT ENGINEERING COMPANY LIMITED
CIN: L45202WB1961PLC025181
Registered Office: Ecospace Campus 2B 11F/12
New Town Rajarhat North 24 Parganas Kolkata-700160
Telephone +91 33 68311001/+91 33 68311212
Email: mbe.corp@mbecl.co.in | Website: www.mcnallybharat.com

NOTICE

Notice is hereby given to the Members of the Company pursuant to Section 110 of the Companies Act 2013 ("Act") and other applicable provisions, if any, of the Act, read with the Companies (Management and Administration) Rules 2014 ("Rules"), as amended, and in line with the General Circular No. 09/2024 dated 19th September 2024 and General Circular No. 03/2025 dated 22nd September 2025 issued by the Ministry of Corporate Affairs ("MCA") and Circular No. SEBI/HO/CFD/CFDPoD-2/P/CIR/2024/133 dated 3rd October 2024 issued by the Securities and Exchange Board of India ("SEBI") including earlier circulars issued in this regard (hereinafter collectively referred to as the "Circulars") and pursuant to the provisions of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations 2015, as amended ("Listing Regulations"), that the Company has on Tuesday, 17th November 2026, completed dispatch of the Postal Ballot Notice, through electronic mode, to the Members who have registered their e-mail IDs with the Depository Participants(s)/Company, to transact the Special Business as mentioned in the Notice, which is proposed to be passed by the Members of the Company as an Ordinary Resolution, through electronic means.

In compliance with the provisions of Section 108 of the Act read with Rule 20 of the Rules, as amended and Regulation 44 of the Listing Regulations, the Members are provided with the facility to cast their votes electronically instead of dispatching physical Postal

কলেজ স্ট্রিটে এসএফআই ছাত্রদের গলা টিপে প্রিজন ভ্যানে ঢোকাল পুলিশ



উজ্জ্বল দত্ত, কলকাতা : মঙ্গলবার কলেজ স্ট্রিটের রাস্তায় বইয়ের স্টল বসানো নিয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামনে পুলিশের সঙ্গে এসএফআইয়ের ছাত্রছাত্রীদের তুলকালাম বাধে। অভিযোগ, কাউকে গলা টিপে, কাউকে ঘাড় ধরে, আবার কাউকে চ্যাংদোলা করে টেনে হিঁচড়ে প্রিজনভ্যানে তোলে পুলিশ। এমনকী ছাত্রীদেরও চুল ধরে টেনে হিঁচড়ে নিয়ে যান পুলিশের পুরুষ কর্মীরা। এদিন এসএফআইয়ের দাবি ছিল, রাস্তার ওপর বসেই বই বিক্রি করবেন। বিশ্ববিদ্যালয়ের সামনে ট্রাম লাইনের ওপরেও বই সাজিয়ে বিক্রি করতে দেখা যায় ছাত্রছাত্রীদের। তাঁদের দাবি, সাধারণ মানুষও সেই বই কিনছিলেন। পুলিশের বক্তব্য, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামনে ওই বুক স্টল করার জন্য কোনও অনুমতি নেওয়া হয়নি। অনুমতি ছাড়া রাস্তার ওপর স্টল বসানোয় আইনশৃঙ্খলার স্বার্থে পদক্ষেপ করা হয়েছে বলে জানান ডিসি সেন্ট্রাল প্রবীণ প্রকাশ। এসএফআইয়ের বক্তব্য, নভেম্বর বিপ্লবকে সামনে রেখে ৪ বছর ধরে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামনে তারা বইয়ের স্টল বসিয়ে আসছে। চলতি বছর সেই স্টল বসাতে গেলে আপত্তি জানায় কলকাতা পুলিশ। বুক স্টল করার অনুমতি না থাকার যুক্তিতে তাদের বাধা দেওয়া হয়। তা নিয়েই সোমবার থেকে বিশ্ববিদ্যালয় চত্বরে উত্তেজনা তৈরি হয়। বই বিক্রিতে পুলিশের বাধা দেওয়ার বিরুদ্ধে সরব হন বাম ছাত্রছাত্রীরা। পালটা হুঁশিয়ারি দিয়ে তাঁরা জানিয়ে দেন, পুলিশ বাধা দিলেও বুক স্টল বসানো থেকে পিছিয়ে আসবেন না। মঙ্গলবার যখন বই বিক্রি চলছিল তাতে পুলিশ বাধা দেয়। বিশ্ববিদ্যালয়ের সামনের রাস্তার দু'দিক থেকেই পুলিশ বাহিনী ঘিরে ফেলে বিক্ষোভকারীদের। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে আনা হয় একের পর এক প্রিজনভ্যান। পুলিশকর্তাদের সঙ্গে দীর্ঘক্ষণ বাকবিতণ্ডা চলে এসএফআইয়ের ছাত্রছাত্রীদের। বুক স্টল সরিয়ে নেওয়ার জন্য পুলিশ চাপ দিতে থাকলেও নিজেদের অবস্থানে অনড় থাকেন বিক্ষোভকারীরা। পরে পুলিশের হাতে আটক হওয়ার পর এসএফআইয়ের রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে বলেন, 'আমরা আগেই জানিয়েছিলাম, পুলিশ বাধা দিলেও বুক স্টল করবই। রাস্তার ওপর বসে বই বিক্রি করব। সেই মতোই আমরা বসেছিলাম। তারপরেই ছাত্রছাত্রীদের মারধর করা হয়, অকথ্য ভাষায় গালিগালাজ করা হয়।'

বারুইপুরের পুর বোর্ড ভাঙার ঘোষণা



প্রদীপকুমার সিংহ, বারুইপুর : বারুইপুর পুরসভার কালীঘাট মমতাপন্থী তৃণমূল কংগ্রেসের বোর্ড ভেঙে দিতে চলেছেন কাউন্সিলরা। এনিয়ে বারুইপুর পুরসভার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও একাধিক কাউন্সিলর মঙ্গলবার বিকেলে সাংবাদিক বৈঠক করেন। সেই বৈঠকে তাঁরা ঘোষণা করেন, নভেম্বর মাসের শেষের দিকেই বারুইপুর পুরসভার তৃণমূল পরিচালিত বোর্ড ভেঙে দেওয়া হবে। কারণ পুরসভা এখন আর্থিক দিক থেকে নানান সমস্যায় পড়েছে। এরপর কর্মচারীদের মাইনে আর দেওয়া যাবে না। তাছাড়া ২০২৬ সালের বিধানসভার ভোটে রাজ্যে পালাবদলের পর ৪ মে থেকে পুরসভার বিভিন্ন কাউন্সিলরকে মিথ্যে মামলায় ফাঁসিয়ে দেওয়া হচ্ছে। এদিন কাউন্সিলর মোজাফফর আহমেদ সাংবাদিকদের বলেন, ৭-৮ জন কাউন্সিলরকে মিথ্যা মামলায় ফাঁসিয়ে দেওয়া হয়েছে। পুরসভাও আর্থিক দিক থেকে খুবই সমস্যায় পড়েছে। এরপরে পুরসভা চালানো খুবই সমস্যায় পড়বে। আগামী পুরসভা ভোটের ৩ মাস বাকি। তার আগেই এমাসের শেষের দিকেই পুরসভার বোর্ড ভেঙে দেওয়া হবে। পুরসভার উপপুরপ্রধান গৌতম দাস বলেন, 'বিভিন্ন দিক থেকে কাউন্সিলরদের ওপর হেনস্তা করা হচ্ছে মিথ্যে মামলায় জড়িয়ে ফেলা হচ্ছে। পুরসভা আর্থিক দিক থেকে সমস্যায় পড়েছে। নতুন সরকারের কাছ থেকে এখনো পর্যন্ত আর্থিক সাহায্য পাওয়া যায়নি। যতক্ষণ না নতুন প্রকল্প ঘোষণা করবে রাজ্য সরকার, ততক্ষণ পুরসভার এলাকার ভাঙাচোরা রাস্তাঘাট মেরামত করতে খুবই অসুবিধে হচ্ছে। আগামীদিন এই পুরসভা চালানো খুবই সমস্যায় পড়তে হবে। ১৯৯৫ সাল থেকে এতকাল কখনো কোনো সমস্যা হয়নি। পুরসভাকে রাজ্য সরকার নতুন কোনো প্রকল্পের কাজ এখনো পর্যন্ত দেয়নি। আগামী কয়েকদিনের মধ্যে কাউন্সিলরদের বোর্ড মিটিং হবে। সেই মিটিংয়ে পুরসভার বোর্ড ভাঙার পক্ষে সিদ্ধান্ত নেওয়া হবে। কাউন্সিলরদের বোর্ড মিটিংয়ে সিদ্ধান্তর পর আবার সাংবাদিকদের ডেকে পুরসভার বোর্ড ভাঙার কথা ঘোষণা করা হবে। পুরসভার বোর্ড ভেঙে দিলে তখন মহকুমারশাসকের হাতে দায়িত্ব তুলে দেওয়া হবে। তিনি যেমন চালাবেন পুরসভার ভোটের আগে তেমনি চলবে। তবে নাগরিক পরিষেবা বন্ধ হবে না। অনেক সমস্যার মধ্যেও এতদিন আমরা নাগরিক পরিষেবা বন্ধ করিনি। পুরসভার ভোটে তৃণমূল কংগ্রেসের কাউন্সিলররা লড়বে কিনা তা দল ঠিক করবে।'

হাওড়ার এইচআইটি ব্রিজের ফুটপাথে ফাটল

ভাস্কর বিশ্বাস, হাওড়া : হাওড়ার এইচআইটি ব্রিজের (এইচআইটি) ফুটপাথে ফাটল ও রেলিং ঝুলে পড়ার খবর সামনে আসার পর মঙ্গলবার সকালে ঘটনাস্থল পরিদর্শন করেন কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটির (কেএমডিএ) পদস্থ কর্তারা ও হাওড়া সিটি পুলিশের উচ্চপদস্থ আধিকারিকরা। পরিদর্শনের পর কেএমডিএ-র আধিকারিক রবিপ্রকাশ মিনা জানান, 'সেতুটির বড়ো ধরনের কোনো ক্ষতি বা কাঠামোগত ফাটল নেই। এটি পুরো নিরাপদ।' সোমবারই পুর ও নগরোন্নয়ন দফতরের রাষ্ট্রমন্ত্রী উমেশ রাই কেএমডিএ-র কর্তাদের সেতুটি মেরামত ও রক্ষণাবেক্ষণের নির্দেশ দিয়েছিলেন। সেই নির্দেশ পাওয়ার পরই মঙ্গলবার সকালে সংশ্লিষ্ট দফতরের আধিকারিকরা পরিস্থিতি খতিয়ে দেখতে ঘটনাস্থলে পৌঁছোন। পরিদর্শন শেষে কেএমডিএ'র রবিপ্রকাশ মিনা সংবাদমাধ্যমকে জানান, '২ বছর আগে ১টি স্করপিও গাড়ি সেতুর রেলিংয়ে সজোরে ধাক্কা মেরেছিল। পুলিশের কাছ থেকেই এই তথ্য জানা গেছে। ওই দুর্ঘটনার ফলেই সেতুর ফুটপাথ ও রেলিংয়ের অংশ কিছুটা ঝুলে রয়েছে। তবে এর ফলে সেতুর মূল কাঠামোর বা নিরাপত্তার কোনো ক্ষতি হয়নি। ব্রিজে এমন কোনো ফাটল বা ক্র্যাক নেই। আমাদের ইঞ্জিনিয়াররা খতিয়ে দেখেছেন, সেফটি পয়েন্ট অফ ভিউ থেকে সেতুর কোনো অসুবিধা নেই। এটি এতদিন এইচআইটি রক্ষণাবেক্ষণ করত, এখন কেএমডিএ ও এইচআইটি যৌথভাবে এটি মেরামত করে দিচ্ছে। আগেও এর স্বাস্থ্য পরীক্ষা হয়েছে। তবে সাধারণ মানুষের মনে যাতে কোনো দ্বিধা না থাকে, সেজন্য রাইটস-এর মতো সংস্থাকে দিয়ে সেতুটির আরও একবার হেলথ অডিট বা স্বাস্থ্য পরীক্ষা করানো হবে। পাশাপাশি, এখনই নির্দিষ্ট এজেন্সির মাধ্যমে রেলিং ও ফুটপাথের ক্ষতিগ্রস্ত অংশগুলো সারিয়ে তোলার কাজ শুরু হবে।'

বেলঘরিয়ায় মদ্যপানের পর খুন যুবক, ড্রেনে পুঁতে দেওয়ার দাবি

অলক আচার্য ও প্রতীতি ঘোষ বেলঘরিয়া : কামারহাটি পুরসভার ১৬ নম্বর ওয়ার্ডের অধীন বেলঘরিয়া আড়িয়াদহ এলাকার সুকান্তপল্লি ও রবীন্দ্রনগরের লাগোয়া এলাকায় মদ্যপানের পর ২ বন্ধুর মধ্যে বচসা থেকেই এক বন্ধু আরেক বন্ধুকে চড় মারে। আর সেই চড় থেকেই ঘটে যায় ভয়াবহ পরিণতি! বচসার জের গড়ায় হত্যাকাণ্ডে। বন্ধুকে খুনের অভিযোগ উঠেছে আরেক বন্ধুর বিরুদ্ধে। তারপর সেই বন্ধুই তাঁকে মারধর করে ড্রেনের মধ্যে পাথর চাপা দিয়ে পুঁতে দেয় বলে অভিযোগ। মঙ্গলবার সকালে ড্রেনের মধ্যে থেকে পা বেরিয়ে থাকতে দেখে স্থানীয়দের সন্দেহ হয়। পরে উদ্ধার হয় টোটোচালক সন্তোষ কর্মকারের দেহ (৩৫)। মৃত সন্তোষ কর্মকারের স্ত্রী কৃষ্ণা কর্মকারের দাবি, ঘটনার আগের রাতে তাঁর স্বামীর সঙ্গে এলাকার এক বন্ধু সুভাষ দাস ওরফে পকা বুড়ো মদ্যপানের আসরে বসেছিল। অভিযোগ, এরপর সুভাষ বন্ধু সন্তোষের টোটো গ্যারেজে রেখে তাঁকে সঙ্গে নিয়ে সামনের দিকে চলে যায়। সেখানেই মারধর করে ড্রেনের মধ্যে ঢুকিয়ে গলায় পা দিয়ে সন্তোষকে খুন করে অভিযুক্ত সুভাষ। ড্রেনের মধ্যে পাথর চাপা দিয়ে তাঁকে পুঁতে দেওয়া হয়। ঘটনাস্থল থেকে অভিযুক্তের বাড়ি পর্যন্ত কাদামাখা পায়ের ছাপও পাওয়া গেছে। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে রক্তমাখা পায়ের ছাপ অনুসরণ করেই বন্ধুকে শনাক্ত করে। কী কারণে এই ঘটনা ঘটল, তা বুঝতে পারছেন না মৃতের স্ত্রী। ১ বছরের সন্তানকে নিয়ে দিশেহারা তিনি। অভিযুক্তের কঠোর শাস্তির দাবি জানিয়েছেন। ঘটনার প্রকৃত কারণ ও খুনের অভিযোগের তদন্তে পুলিশ। মঙ্গলবার সুভাষকে গ্রেফতার করলে পুলিশের জেরায় সে স্বীকার করে খুনের কথা। বেলঘরিয়া থানার তদন্তকারী আধিকারিকদের অনুমান, পুরানো শত্রুতার জেরেই সুভাষ সন্তোষকে খুন করে। মঙ্গলবারই ধৃতকে বারাকপুর মহকুমা আদালতে তোলা হয়। ফরেনসিক দলও এসে তদন্ত করছে।

বর্ধমানে ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট রেগুলেটরি কমিশনের একাধিক নার্সিংহোমে হানা

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান : বর্ধমান শহর ও শহরতলিতে ব্যাঙের ছাতার মত নার্সিংহোম গজিয়ে ওঠা ও বেশিরভাগ নার্সিংহোমেরই সরকার নির্ধারিত পরিকাঠামো না থাকা নিয়ে লাগাতার অভিযোগ উঠেছে। রাজ্যে নতুন বিজেপি সরকার আসার পর প্রথম মঙ্গলবার জেলার স্বাস্থ্য পরিকাঠামো ও স্বাস্থ্য সংক্রান্ত অভিযোগ খতিয়ে দেখতে পূর্ব বর্ধমানে এলেন পশ্চিমবঙ্গ ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট রেগুলেটরি কমিশনের একঝাঁক সদস্য। এঁদের নেতৃত্বে ছিলেন সংস্থার চেয়ারপার্সন অবসরপ্রাপ্ত বিচারপতি বিশ্বজিৎ বসু। এদিন সকালে বর্ধমানে এসেই তাঁরা সরাসরি চলে যান জেলার সার্কিট হাউসে। সেখানে পূর্ব বর্ধমানের জেলাশাসক, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক, জেলা পুলিশসুপার সহ প্রশাসনিক আধিকারিকদের নিয়ে বৈঠক হয়। এরপর এই সদস্যরা কয়েকটি ভাগে ভাগ হয়ে শহর ও শহরতলির একাধিক নার্সিংহোমে হানা দেন। আর এই হানাদারির পর ডাঃ নারায়ণ বন্দ্যোপাধ্যায় জানান, 'আমরা যে কয়েকটি নার্সিংহোম পরিদর্শন করেছেন তাদের কোনোটিরই ফায়ার সেফটি ব্যবস্থা ছিল না। রোগী অনুপাতে ডাক্তারকেও পাইনি। একজন ডাক্তার একটা গোটা নার্সিংহোম চালাচ্ছেন - এমনও দেখা গেছে। এছাড়াও অধিকাংশ নার্সিংহোমেরই ক্লিনিক্যাল এস্টাবলিসমেন্ট অ্যাক্ট অনুযায়ী পরিকাঠামোও খুঁজে পাইনি। কলকাতা থেকে নিয়মিত পরিদর্শন করা উচিত। বেশিরভাগ ক্ষেত্রেই এখানে নিয়ম মানা হয়নি। অনিয়মই এখানে নিয়ম। তবে কী ব্যবস্থা নেওয়া হবে সেটা কলকাতায় গিয়ে আমরা জানাব। আপাতত ২টো নার্সিংহোমকে বন্ধ রাখতে বলা হয়েছে। বাকিদের সতর্ক করা হয়েছে। একমাসের মধ্যে ঠিক না হলে বন্ধ করে দেওয়া হবে।'

দমদমের স্কুলে ৪তলা থেকে পড়ে গুরুতর জখম ছাত্র

অলক আচার্য, দমদম : মঙ্গলবার দুপুরে দমদমের সেন্ট স্টিফেন্স স্কুলের ৪তলার বারান্দা থেকে পড়ে গুরুতর জখম হয় অষ্টম শ্রেণির ছাত্র তানিশ দাস। ঘটনাটি নিয়ে স্কুলের ছাত্রছাত্রী ও অভিভাবকদের মধ্যে শোরগোল পড়ে যায়। জানা গেছে, মঙ্গলবার সকালে স্কুলে আসে তানিশ। নিয়মিত ক্লাসও করে। অভিযোগ, চতুর্থ পিরিয়দের পর আচমকা স্কুলের ৪তলার বারান্দায় উঠে প্রায় ৪ ফুট উঁচু দেওয়াল টপকে নীচে পড়ে যায় ওই পড়ুয়া। সে অসাবধানতাবশত পড়ে গেছে, কেই তাকে ঠেলে ফেলে দিয়েছে নাকি নিজেই ঝাঁপ দিয়েছে, তা এখনও স্পষ্ট নয়। ঘটনার পর স্কুলের অন্যান্য ছাত্রছাত্রীরা বিষয়টি স্কুল কর্তৃপক্ষকে জানায়। তড়িঘড়ি জখম ছাত্রকে নাগেরবাজারের এক বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আশঙ্কাজনক অবস্থায় তার চিকিৎসা চলছে। পাশাপাশি স্কুল কর্তৃপক্ষের কোনও গাফিলতি ছিল কিনা, সব দিক খতিয়ে দেখছে দমদম থানার পুলিশ।

২ সংগঠনের বিবাদে বালিগঞ্জে বন্ধ অটো পরিষেবা

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ২ সংগঠনের মধ্যে বিবাদের জেরে বালিগঞ্জে বন্ধ অটো পরিষেবা। যার জেরে বালিগঞ্জ- কসবা, বালিগঞ্জ-হাজরা, বালিগঞ্জ-জজ কোর্ট রুটে অটো পরিষেবা বন্ধ হয়ে যায়। এই ঘটনায় অফিস টাইমে চরম ভোগান্তির মুখে পড়েন যাত্রীরা। বালিগঞ্জ অটো স্ট্যান্ডে ২পক্ষের চালকরা একে অন্যকে লক্ষ্য করে 'চোর' স্লোগান তোলেন। অভিযোগ, বহিরাগত অটো জোর করে ঢুকতে চাইছে। যাদের বহিরাগত অটো বলা হচ্ছে তাঁদের পালটা দাবি, রুট পারমিট রয়েছে। তাঁরা কেন অটো চালাতে পারবেন না? এই আবহে ২ সংগঠনের মধ্যে গণ্ডগোলের পরিস্থিতি তৈরি হয়। অটোচালকদের একাংশের দাবি, এই রুটে অন্তত ৭৩টি অটো চলে। গত কয়েকমাস ধরে বহিরাগতদের দাপট লক্ষ্য করা যাচ্ছে। বিরোধিতা করলেও লাভ হচ্ছে না কিছুই। অথচ তাঁরাও যাত্রী নিয়ে যাচ্ছেন। এই রুটে আরও অটো বাড়লে রুটিরুজিতে টান পড়বে বলেই দাবি ওই অটোচালকদের। 'বহিরাগত' অটোচালকদের দাবি, পারমিট রয়েছে বলে এই রুটে অটো চালানো হচ্ছে।

ষষ্ঠী ও সপ্তমীর ভিড় ছাপিয়ে অষ্টমীতে জমজমাট চন্দননগর



অমিত চৌধুরী, হুগলি : ষষ্ঠী, সপ্তমীর ভিড়কে ছাপিয়ে অষ্টমীর সন্ধ্যা হওয়ার আগেই চন্দননগরের রাস্তা দর্শনার্থীদের দখলে। পায়ে হেঁটে একের পর এক প্রতিমা দর্শন করতে ব্যস্ত দর্শনার্থীরা। তার সঙ্গে রয়েছে জমিয়ে খাওয়া-দাওয়া। রবিবার দর্শনার্থীদের ভিড় সামাল দিতে মানকুণ্ডুর ২টি পুজো মণ্ডপে দর্শনার্থীদের ঢোকার সাময়িক বন্ধ রাখতে হয় প্রশাসনকে। কলকাতার চোরবাগান দুর্ঘটনার কথা মাথায় রেখে এবছর চন্দননগরে দর্শনার্থীদের সুষ্ঠুভাবে প্রতিমা দর্শনের সবরকম ব্যবস্থা করেছে পুলিশ প্রশাসন। আদি প্রতিমার পাশাপাশি থিমের মণ্ডপ দেখতে লাইন দেন দর্শনার্থীরা। অম্বিকা অ্যাথলেটিক ক্লাবের ৫৭ বছরের জগদ্ধাত্রী পুজোর মণ্ডপ দর্শনার্থীদের অবাক করেছে। যন্ত্রের কাছে মানুষ পরিণত হয়েছে পুতুলে। তা ফুটিয়ে তোলা হয়েছে মণ্ডপে। পুজো কমিটির পক্ষ থেকে জানানো হয়, যন্ত্রের সঙ্গে মানুষের সহবাস কবে থেকে শুরু হয়েছিল তা হয়তো সঠিকভাবে জানা যাবে না। তবে, চাষাবাদ থেকে বসতবাড়ি নির্মাণে যন্ত্রকে সঙ্গী করেছে মানুষ সেই আদিম যুগ থেকে। মণ্ডপে প্রদর্শিত হয় এক থ্রি-ডি ক্যানভাস। চন্দননগরের আরেকটি নতুন থিম বোড় পঞ্চাননতলা সর্বজনীন জগদ্ধাত্রী পুজোর মণ্ডপ। ৫৩তম বর্ষে পুজোর থিম 'কোলাজ'। পুজো কমিটি বোঝাতে চেয়েছে, টুকরো টুকরো নানান বস্তুর সমাহারে কোলাজ হয়। দেবী-ই স্বয়ং শক্তির কোলাজ। কোলাজ একটি শিল্প। জীবনও ঠিক কোলাজ-এর মতোই শিল্প। দর্শনার্থীদের ভিড়ে অষ্টমীতে চন্দননগরের জগদ্ধাত্রী পুজো ছিল জমজমাট।

বিজ্ঞপ্তি

e-TENDER NOTICE

Tender reference/e- Tender- No - 04/2026-2, Date- 17.11.2026. Satgachia -II G.P from bonafild contractors / agencies to participate in the e Tender from 17/11/2026 at 6.50PM to 30/11/2026 up to 12.00PM.
For futher details visit the website https://tenders.wb.gov.in

Executive Assistant
Satgachia II Gram Panchayat

I have lost of my son, School original Marksheet, Transfer Certificate, Character Certificate etc. some where in Asansol Bazar area.
Name of School : ST PATRICK's Asansol
Student : RAJVEER SINGH
Academic Year : 2025-26
Mob. No. : 7001610660

NAME CHANGE

I, Pratick Jain, son of Mukesh Jain and Archana Jain, residing at Badurtala, P.O. and P.S. Jiaganj, District Murshidabad, West Bengal 742123, have corrected the spelling of my name from Pratick Jain to Pratik Jain by an affidavit sworn before a Notary Public at Kolkata on 16 November 2026 (Notarial Register Sl. No. 28). Henceforth, I shall be known as Pratik Jain for all purposes. Both names refer to one and the same person.

NAME CHANGE

I, MD MOHIUDDIN ABDUL KADER MISTRY, S/o- MD LOKMAN ALI MISTRY, R/o: Vill.- Nalmuri, P.O.- B.Narayanpur, P.S.- Bhangar, PIN- 743502, Dist.- South 24 Pgs., do hereby declare that in my Driving Licence No. WB2020170155295 and in PAN Card my father's name has been inadvertently recorded as MD LOKMAN MISTRY & MOHAMMAD LOKMAN ALI MISTRY. On 12.11.26 vide affidavit no. 90834 submitted before the Court of 1st Class Judicial Magistrate, Alipore, I affirm that my father, MD LOKMAN ALI MISTRY, MD LOKMAN MISTRY & MOHAMMAD LOKMAN ALI MISTRY all are same and one identical person.

NAME CHANGE

I, DIPAANSHI GUTGUTIA, W/o- SRIKUNJ GUTGUTIA, R/o- Flat 1A, 1st Floor, 10B Burdwan Road, PS- Alipore, Kolkata- 700027, do hereby declare that in my Driving Licence WB20 20150096669 my name has been recorded as DIPAANSHI SETA, D/o- BHARAT KUMAR SETA. On 17.11.26 vide affidavit no. 38425 submitted before the Court of 1st Class Judicial Magistrate, Alipore, I affirm that myself DIPAANSHI GUTGUTIA, W/o- SRIKUNJ GUTGUTIA and DIPAANSHI SETA, D/o- BHARAT KUMAR SETA is the same and one identical person.

General Notice

The public is hereby notified that my clients namely Smt Banasree Mukherjee, wife of Shri Sudip Mukherjee, resident at Station Road, Bishnupur, PO & PS- Bishnupur, Dist Bankura, PIN 722122.
This is for your kind information that my clients have purchased property by way of registered sale Deeds being No I 3657/2026 under ADSR Bishnupur under Dist Bankura, PS Bishnupur, Mouja Bishnupur Municipality, JL No 101, LR Khatian No 639, 3694, 13683, RS Plot No 13309,13312, LR Plot No 22882,22880, Total measuring about 7.03 Decimals Classified as Sali, That the seller of this schedule property has executed registered Power of Attorney being No 2396 for the Year 2022, and being No 4077 for the year 2022, and being No 1477 for the Year 2023 under ADSR Bishnupur, in favour of Sri Sudip Mukherjee, son of late Biswanath Mukherjee, as Power of Attorney holder. That my client has been submitted an application for mutation before concern authority.
That if any one has any objection or queries regarding the execution of sale Deed or Mutation Process, then he/she will intimate or contact with me through above mentioned mobile number or concern BL&LRO office within thirty days from publication of this notice.
Yours faithfully
DEBNATH GHOSH
Advocate
Bishnupur Court E.No.- F-1167/895/2018
Mob.-8967656743

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার নোটিস নং. ঃ এনআইটি/০২/২৬/৬০, তারিখ ১৬.১১.২০২৬। প্রিন্সিপ্যাল চিফ মেটিরিয়ালস ম্যানেজার, পূর্ব রেলওয়ে, ৩য় তল, ফেয়ারলী প্লেস, ১৭, নেতাজী সুভাষ রোড, কলকাতা-৭০০০০১ কর্তৃক নিম্নলিখিত দফাসমূহ সরবরাহের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। ● **(ক) ক্রমিক নম্বর ও টেন্ডার নম্বর; বিবরণ; ইএমডি** যথাক্রমে ঃ **(১) ১৪২৬১০১৪;** ২ওয়্যার/৪-ওয়্যার ই অ্যান্ড এম কার্ড (কার্ড প্রতি ৪টি চ্যানেল) ইত্যাদি সংগ্রহের কাজ; ₹ ২,৬০,৪৪০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ১২.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।(২) ১৪২৬১১৫৯;** স্পেসিফিকেশন নং. আইআরএস টিসি-৩০/২০০৫ [ভার-১] অ্যামেন্ডমেন্ট-৫ সহ অনুসারে ৬ কোয়াড x ০.৯ মিমি আকৃতির তাম্র পরিবাহী-র সিগন্যালিং এবং টেলিকম স্থাপনার জন্য ভূনিম্নস্থ রেলওয়ে জেলি ভরতি কোয়াড কেবেল; ₹ ৫০,০০,০০০। **(৩) ১৪২৬১১৬৬;** আরডিএসও স্পেসিফিকেশন নং. আরডিএসও/এসপিএন/টিসি/১১০/২০২০ রিভিসন-০ অনুসারে ৪৮ ফাইবার আর্মার্ড ওএফসি কেবেল; ₹ ২০,০০,০০০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ** ক্র. নং. ২ ও ৩-এর জন্য **০৯.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে। (৪) ১০২৬২৫৯১;** ডব্লুএজি -৯-এর জন্য ডাম্পার -এর সেট; ₹ ১,৬৩,২৭০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ০৩.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (৫) **১০২৬৫০১৭;** এসএস পাইপ ফিটিংস ; ₹ ১,০৭,৩০০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ১১.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (৬) **১০২৬১৬৭০;** অটো ড্রেন ভালভ; ₹১,৪৪,৬১০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ১০.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (৭) **১০২৬১২৭৬;** অক্সিলিয়ারি কমপ্রেশার ইত্যাদি; ₹ ১,৭৬,৩৯০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ০৩.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (৮) **১০২৬১০০৭;** ডব্লুএজিঃএ/জি৭/পি৪ লোকোসমূহের জন্য গিয়ার কেস অ্যাসেম্বলি; ₹১,৪০,০৭০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ০৪.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (৯) **১০২৬২৫২০;** আইওএইচ কিট-এর স্পেয়ার্স (এএস/এম৪৮); ₹২,২৭,৬৪০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ০৯.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (১০) **১০২৬১৭৯১;** গিয়ার হুইল ৫৮ টিথ; ₹ ১৫,৯০,০৫০। (১১) **১০২৬২৪৬৯;** ফিল্টার অ্যাসেম্বলির সেট; ₹ ৬,৪৪,২৮০। (১২) **১০২৬১৯২৯এ;** আইলোকো সেট ইত্যাদিতে এনআই-সিডি ব্যাটারি; ₹ ১৩,২৫,৩৫০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ** ক্র. নং. ১০ থেকে ১২-এর জন্য **০৩.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (১৩) **১০২৬২৩৫৪;** এসবিএক্স কার্ড (স্লট এইচ অ্যান্ড আই) ইত্যাদির প্রোসেসর;₹৩,১৬,৮৪০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ০৯.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (১৪) **১০২৬২৩৬২;** অ্যানালগ আই/ও কার্ড (এএনএ ইনপুট/আউটপুট) ইত্যাদি; ₹ ২,৯৩,১৯০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ০৭.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (১৫) **১০২৬২২২১;** কনভেনশনাল লোকোসমূহ ইত্যাদির রিলে কিউআরএসআই ১ এবং ২ ধরনের ডিআই সংগ্রহের কাজ ;₹২,৪৫,৭৯০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ০৩.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (১৬) **১৪২৬৫০৭৭এ;** সুসংহত বিদ্যুৎ সরবরাহ (আইপিএস) ইত্যাদির সরবরাহ, প্রতিষ্ঠা, পরীক্ষা ও সূচনা; ₹ ৪,৮২,১৩০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ০৭.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (১৭) **২০২৬৩০১২;** মেসার্স বম্বার্ডিয়ার ট্র্যাকশন মোটর-এর রাবার স্যান্ডউইচ ইউনিট; ₹ ১,২৬,৩৬০। (১৮) **২০২৬২১৮৯এ;** বিএইচইএল নির্মিত ট্র্যাকশন মোটর-৪৩০৩ডিওয়াই বা সিজিএল-এর জন্য বেয়ারিং বিহীন সাসপেনশন টিউব ও আনুষঙ্গিকসমূহ (১৩টি উপাদান); ₹ ১,২৪,৮৫০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ** ক্র. নং. ১৭ ও ১৮-এর জন্য **০৯.১২.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (১৯) **১২২৬_ ডিএক্সআইএনজি _ এসএস_ ৬৪৯৩;** ৮.৫-ক্র ডায়মন্ড ক্রশিং সিঙ্গল স্লিপ টি৬৪৯৩-এর চালু চুক্তি; ₹ ৯,২০,৪০০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ১৭.১১.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে।** (২০) **২২২৬১৬০৮;** ইঞ্জেকশন অ্যাটেজোলিজুম্যাব ১২০০ মিগ্রা;₹ ০। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ ২৬.১১.২০২৬ তারিখ দুপুর ১টা ৩০ মিনিটে। টেন্ডার মূল্য ঃ** ক্র. নং. ১ থেকে ২০ পর্যন্ত ₹ ০।
● **(খ) সংশোধনী ঃ** অনুগ্রহ করে নিম্নলিখিত টেন্ডারগুলির সংশোধনী **www.ireps.gov.in**-এ দেখুন ঃ ১১২৬৫০১৪ খোলার তারিখ ২৫.১১.২০২৬।
দ্রষ্টব্য ঃ উপরোক্ত টেন্ডারগুলি ই-টেন্ডার এবং **https:// www.ireps.gov.in**-এ আইআরইপিএস ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে দরপ্রস্তাব জমা করতে সকল টেন্ডারদাতাদের অনুরোধ জানানো হচ্ছে। উপরোক্ত টেন্ডারগুলি এবং অন্যান্য সরবরাহ টেন্ডারের বিষয়ে আরও বিশদ বিবরণের জন্য অনুগ্রহ করে আইআরইপিএস ওয়েবসাইট দেখুন।
STORES-50/2026-27
টেন্ডার বিজ্ঞপ্তি পূর্ব রেলওয়ের ওয়েবসাইট www.er.indian railways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন : @EasternRailway @easternrailwayheadquarter

nido HOME FINANCE

নিডো হোম ফাইন্যান্স লিমিটেড
নিবন্ধিত কার্যালয় : ৫ম তলা, টাওয়ার ৩, উইং 'B', কোহিনুর সিটি মল, কোহিনুর সিটি, কিরোল রোড, কুরলা (পশ্চিম), মুম্বাই – ৪০০০৭০

শাখা উদ্বোধন সংক্রান্ত বিজ্ঞপ্তি

০৪ আগস্ট ২০২৬ তারিখে ফিনান্সিয়াল এক্সপ্রেস- এ প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে, আমরা, নিডো হোম ফাইন্যান্স লিমিটেড, ২৪-০১-২০২৭ তারিখ থেকে নিম্নে উল্লিখিত ঠিকানায় আমাদের কলকাতা শাখা চালু করছি।

নতুন / স্থানান্তরিত ঠিকানা:
ফ্ল্যাট নং 7A/1, ৭ম তলা, শেক্সপিয়ার কোর্ট, 21A,

Date & Time of Download : 18/11/2026 14:43:33

BSE ACKNOWLEDGEMENT

Acknowledgement Number	14923013
Date and Time of Submission	11/18/2026 2:43:19 PM
Scripcode and Company Name	532629 - McNally Bharat Engineering Company Ltd
Subject / Compliance Regulation	Announcement under Regulation 30 (LODR)-Newspaper Publication
Submitted By	Indrani Ray
Designation	Company Secretary &Compliance Officer

Disclaimer : - Contents of filings has not been verified at the time of submission.

National Stock Exchange Of India Limited

Date of 18-Nov-2026

NSE Acknowledgement

Symbol:-	MBECL
Name of the Company: -	Mcnally Bharat Engineering Company Limited
Submission Type:-	Announcements
Short Description:-	Copy of Newspaper Publication
Date of Submission:-	18-Nov-2026 02:44:10 PM
NEAPS App. No:-	2026/Nov/537199/20057

Disclaimer : We hereby acknowledge receipt of your submission through NEAPS. Please note that the content and information provided is pending to be verified by NSEIL.